জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
নম্বর:
তারিখ: 07 AUG 2023

প্রাপ্তি নং--৩১২৯---তারিখ---

প্র. ক./ও.এস/সি.এ/অ: সহকারী/বি. কম্পিউটার
সার্টিফিকেট সহকারী/নেটিটা বোর্ড
জরুরী/পেশ করুন/নথিজাত করুন

উপজেলা নির্বাহী অফিসার

বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
**বর্ধমান ভবন**, বাংলা একাডেমি, ঢাকা
www.shilpitrust.portal.gov.bd

স্মারক নম্বর : ৪৩.৩৭.০০০০.০০০.০১.০০১.২২.৫১

তারিখ ২৩ শ্রাবণ ১৪৩০ / ০৭ আগস্ট ২০২৩

বিষয় : বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে শিল্পী ও তাঁদের মেধাবী সন্তানকে এককালীন বৃত্তি প্রদান

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়াধীন 'বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট' এর পক্ষ থেকে শিল্পকর্মে বিশেষ অবদানের জন্য শিল্পীকে মাষ্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য বৃত্তি প্রদান এবং শিল্পীদের ষষ্ঠ থেকে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত মেধাবী সন্তানের শিক্ষার জন্য এককালীন মঞ্জুরি/বৃত্তি/স্টাইপেন্ড প্রদানের লক্ষ্যে শিল্পীদের নিকট হতে আবেদন আহ্বান করে পুণরায় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে, যা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (www.moca.gov.bd) ও বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট (www.shilpitrust.portal.gov.bd) এর ওয়েবসাইটে প্রচার করা হয়েছে (বিজ্ঞপ্তি ও ফরমের কপি সংযুক্ত)। আবেদনের জন্য পৃথক দু'টি ফরম মন্ত্রণালয় ও ট্রাস্টের ওয়েব সাইট থেকে সংগ্রহ করা যাবে। বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১ এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বাংলাদেশ শিল্পী কল্যাণ বিধিমালা, ২০২০ এর বিধি-৫ এর উপ-বিধি (২) এর দফা (খ) ও (গ) অনুযায়ী আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক ঢাকা মহানগরী ব্যতীত অন্যান্য মহানগরী এবং জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট আগামী ০৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে পৌছানোর জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। একই বিধিমালার ৫(৩) উপ-বিধিতে উল্লেখ আছে:

"জেলা প্রশাসক বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হইবার পরবর্তী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উপ-বিধি (২) এর দফা (খ) ও (গ) এর অধীন প্রাপ্ত আবেদন ব্যবস্থাপনা পরিচালকের নিকট প্রেরণ করিবেন।"

০২। বর্ণিতাবস্থায়, **প্রাপ্ত আবেদনসমূহ আগামী ০৭ সেপ্টেম্বর ২০২৩ এর পরবর্তী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান ভবন, বাংলা একাডেমি, ঢাকা** এই ঠিকানায় প্রেরণের জন্য বিশেষভাবে **অনুরোধ করা হলো।**

**সংযুক্ত : বর্ণনামতে।**

০৭/০৮/২০২৩
অসীম কুমার দে
(অতিরিক্ত সচিব)
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট
ফোন : ০২৪৪৬১০১১২

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
( সাধারণ শাখা)
www.natore.gov.bd

**স্মারক নম্বর: ০৫.৪৩.৬৯০০.০০৬.৩৩.০৮২.১৭.** ৫৫০

তারিখ: ০৯ ভাদ্র, ১৪৩০ / ২৪ আগস্ট, ২০২৩

**বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়**, ঢাকা-এর ০৭/০৮/২০২৩ তারিখের ৪৩.৩৭.০০০০.০০০.০১. ০০১.২২.৫১ **নম্বর স্মারক পত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয়** ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা **হলো।**

২৪/০৮/২৩
(শাহাদাত হোসেন খান)
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
টেলিফোন: +৮৮০২৫৮৮৮৭২২৮৭
ই-মেইল: acgennatore@mopa.gov.bd

১) উপজেলা নির্বাহী অফিসার
সদর/সিংড়া/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা, নাটোর
২) জেলা কালচারাল অফিসার, নাটোর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
বর্ধমান ভবন, বাংলা একাডেমি, ঢাকা

তারিখ ১৯ শ্রাবণ ১৪৩০ / ০৩ আগস্ট ২০২৩

স্মারক নম্বর : ৪৩.৩৭.০০০০.০০০.০১.০০১.২২.৪৯

# বিজ্ঞপ্তি

২০২৩ সালের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়াধীন বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে শিল্পকর্মে বিশেষ অবদানের জন্য শিল্পীকে মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য বৃত্তি প্রদান এবং শিল্পীদের ষষ্ঠ থেকে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত মেধাবী সন্তানের শিক্ষার জন্য এককালীন মঞ্জুরি/বৃত্তি/স্টাইপেন্ড প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ সাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে :

(১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও প্রচলিত কোন শাখার শিল্পী/সাহিত্যিক হতে হবে।
(২) শিল্প/সাহিত্যকর্ম বিকাশে মৌলিক/বিশিষ্ট অবদান রেখেছেন এমন শিল্পী বা তাঁর সন্তান বৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে যোগ্য বলে বিবেচিত হবেন।
(৩) আবেদনকারী শিল্পীর নামে একটি নিজস্ব ব্যাংক একাউন্ট থাকতে হবে।
(৪) শিল্পকর্মে বিশেষ অবদানের জন্য বৃত্তি এবং শিল্পীদের মেধাবী সন্তানের শিক্ষার জন্য বৃত্তি/স্টাইপেন্ড/এককালীন মঞ্জুরি প্রত্যাশি শিল্পীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
**(৫) আবেদন ফরম বিনামূল্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়** (www.moca.gov.bd) ও বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট **(www.shilpitrust.portal.gov.bd) এ পাওয়া যাবে। আবেদন ফরমের ফটোকপি গ্রহণযোগ্য।**
(৬) আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে আগামী **০৭ সেপ্টেম্বর ২০২৩** তারিখের মধ্যে **নিজ নিজ জেলার জেলা প্রশাসক এবং ঢাকা** মহানগরীর ক্ষেত্রে বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে।
(৭) দুইকপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, স্থায়ী ঠিকানার অনুকূলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্বের সনদের কপি, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
**(৮) বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট-এর ১৩/১১/২০২২ ও ২৮/০৩/২০২৩ তারিখে বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যাঁরা ইতিমধ্যে আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

০৬/০৮/২০২৩

অসীম কুমার দে
(অতিরিক্ত সচিব)
ব্যবস্থাপনা পরিচালক
**বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট**

E:/শিল্পী কল্যাণ ট্রাস্ট এর কার্যক্রম/বিজ্ঞপ্তি-২০২৩